জরুরি
সীমিত

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
বাংলাবাজার,ভোলা

নম্বর ২৭.১২.০৯২৯.৫০৪.০৭.০২২.২০.৮৯০

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

১। ভোলা পবিস এর তালিকাভূক্ত সাময়ীক/স্থায়ী পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে সমিতির নিজস্ব অর্থায়নে (১১/০.৬৩৫/০.২৪০ কেভি) বৈদ্যুতিক লাইন **রক্ষনাবেক্ষণ** কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। দরপত্রের বিবরণঃ **৩৩/১১/০.৬৩৫/০.২৪০ কেভি লাইন রক্ষনাবেক্ষণ কাজ।**

ক্রঃ নং	প্যাকেজ নং	সমিতির নাম	কাজের বিবরণ	মাইলেজ	প্রাক্কলিত মূল্য (টাকা)	আর্নেষ্ট মানির পরিমান (টাকা)	কার্য্যসময়	বিবিড প্যাকেজের মূল্য (অফেরৎ যোগ্য)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
০১	বিড প্যাকেজ নং-**W-20-21.56.14** সাব প্যাকেজ নং-**W-20-21.56.14.002**	ভোলা পবিস	৩৩/১১/০.৬৩৫/০.২৪০ কেভি বৈদ্যুতিক লাইন রক্ষনাবেক্ষণ	১০.০০ কিঃমিঃ	১০,০০,০০০.০০	৩০,০০০	২মাস	১৪০০.০০

০৩। প্রতিটি প্যাকেজের দরপত্র দলিল অত্র সমিতির সদর দপ্তর হতে আগামী ১৫/০৩/২০২১ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকুলে ০৫ নং কলামের বর্ননা মোতাবেক সমিতির ক্যাশ শাখায় নগদ জমা প্রদান সাপেক্ষে পৃথকভাবে ক্রয় করা যাবে।

০৪। পবিস নির্দেশিকা ১০০-৪২ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% নিম্ন দরে অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে।

০৫। প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্নিত আর্নেষ্টমানি ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংকে (বাপবিবো কর্তৃক কালো তালিকাভূক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেষ্ট মানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

০৬। দরপত্র সমূহ আগামী ১৬/০৩/২০২১ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

০৭। উদ্ধৃত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্ধৃত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৮। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ

গ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক পবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

০৯। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিস-এর দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারন করবেন।

১০। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস ও বাপবিবো কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরন করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে।

১২। শুধুমাত্র ২০২০-২১ অর্থ বছরের জন্য সাময়ীক/স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন এর জন্য আবেদানকারী মিনি ঠিকাদারগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।

১৩। ২০২০-২১ অর্থ বছরে স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন না হলে সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হলেও কার্যাদেশ প্রদান করা হবে না।

১৪। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করেন

১৫। শর্ত বহির্ভূত কোন বিষয়ে সমস্যা উদ্ভব হলে এতদ্ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

৩-৩-২০২১
মোঃ আবুল বাশার আজাদ
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বরিশাল জোন

২) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, ভোলা

৩) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

৪) এজিএম (প্রশাসন), প্রশাসন বিভাগ, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

৫) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

৬) এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

৭) মেসার্স.....

৮) অফিস/মাস্টার কপি